উপজেলা পরিষদ

বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় : বাজিতপুর উপজেলা পরিষদের ৩২৭ তম মাসিক সভার কার্যবিবরণী:-

সভাপতি : জনাব গোলনাহার
প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

মাধ্যম : ভার্চুয়্যালি (জুম এ্যাপসের মাধ্যমে)

তারিখ : ২৮ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ, সময় : দুপুর ১২.০০ টা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে।

সভার সভাপতি ও প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ সভায় যুক্ত সকল সদস্যকে স্বাগত জানান এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর গত ২৩.০৬.২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩২৬ তম সভায় সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রদত্ত বক্তব্য সংশোধনক্রমে কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের জুলাই, ২০২১ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ, আক্রান্ত রোগীদের চিকিৎসা এবং টীকাদান কর্মসূচি চালু রয়েছে। এছাড়া হাসপাতালের আন্তঃ বিভাগ, বহিঃবিভাগ ও ইমারজেন্সী কার্যক্রম যথারীতি চলছে। তবে কোভিড রোগীদের নিরবচ্ছিন্ন অক্সিজেন সরবরাহ ঘাটতি রয়েছে। তিনি জাইকার সহযোগিতায় সেন্ট্রাল অক্সিজেন সরবরাহ লাইন স্থাপন সংক্রান্ত কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।	ক) কোভিড-১৯ আক্রান্ত রোগীদের চিকিৎসা সেব প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। খ) জাইকার সহযোগিতায় সেন্ট্রাল অক্সিজেন সরবরাহ লাইন স্থাপন সংক্রান্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার জানান যে, বাজিতপুর উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। তিনি বলেন, রোপা আমন ধানের বীজতলা স্থাপন করা হয়েছে। চলতি খরিপ-২/২০২১-২২ মৌসুমে প্রায় ৭০৫০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ৫৫০ হেক্টর জমিতে সবজি চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলতি খরিপ-২/২০২১-২২ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় ৪৫০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদনের বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষকদের সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।	উপজেলা কৃষি অফিসার, বাজিতপুর।
০৩	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, আগামী ১২-১৮ জুলাই ২০২১ জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করার কথা থাকলেও কোভিড-১৯ এর কারণে আপাতত তা স্থগিত করা হয়েছে। পরবর্তীতে কর্মসূচি দেওয়া হলে তা এ উপজেলায় বাস্তবায়ন করা হবে। এছাড়াও তিনি জানান যে, ম্যাজিক জাল ও কারেন্ট জালের বিষয়ে মোবাইল কোর্ট চলমান আছে এবং তা অব্যাহত থাকবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভায় জানান।	ক) সরকারি নির্দেশনা অনুযায়ী জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ যথাযথভাবে উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) ম্যাজিক জাল ও কারেন্ট জালের বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, বাজিতপুর। ২। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বাজিতপুর।
০৪	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তার দপ্তর করোনা সংক্রান্ত সরকারি নির্দেশনা যথাযথভাবে পালন করছে। তাছাড়াও প্রাণিসম্পদ সংক্রান্ত অতীব জরুরি কার্যক্রম যেমন, কৃত্রিম প্রজনন, সার্জিক্যাল অপারেশন ইত্যাদি বিশেষ ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে।	করোনা সংক্রমণকালে সরকারি নির্দেশনা মেনে দাপ্তরিক কাজকর্ম পরিচালনা করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাজিতপুর।
০৫	উপজেলা প্রকৌশল (এলজিইডি) বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পরিত্যক্ত ঘোষণা করার জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। মালামালের মূল্য ধরা হয়েছে ৩,৫৬,৬১১/- এবং ভবন ভাঙার খরচ ধরা হয়েছে ৫৭,৬৯৮/- টাকা। এ প্রাক্কলন মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন	ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পরিত্যক্ত ঘোষণার জন্য প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো এবং উক্ত প্রাক্কলন জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। খ) , উপজেলা নির্বাহী অফিসারের নতুন	১। প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ৩। উপজেলা

CamScanner

		নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের মাস্টার প্ল্যানের নির্ধারিত স্থানে মৃত্তিকা পরীক্ষা করে তার রিপোর্ট এলজিইডি হেডকোয়ার্টারে প্রেরণের জন্য তিনি প্রস্তাব উত্থাপন করেন। তিনি আরো বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং ঠিকাদার নির্বাচিত হয়েছে। যথাসময়ে কাজ সম্পন্ন হবে। তাছাড়াও এলজিইডি কর্তৃক গৃহীত মাই ভিলেজ-মাই টাউন শীর্ষক প্রকল্পের তথ্যাদি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে তার কার্যালয়ের দ্রুত প্রেরণের জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উপজেলা রাজস্ব তহবিল থেকে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ২টি ঘর নির্মাণের প্রাক্কলিত ব্যয় ভ্যাট ও আয়কর বাদে ঘর প্রতি ১,৭১,০০০/- ধরা হয়। কিন্তু ভুলবশত গত সভার কার্যবিবরণীতে ঘর প্রতি প্রাক্কলন ১,৯১,০০০/- লিপিবদ্ধ করা হয়। উক্ত ভুল সংশোধন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়াও তিনি এ বিষয়ে বলেন, বর্তমানে বাস্তবতার নিরিখে প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পেয়েছে। তাই ঘর প্রতি প্রাক্কলিত মূল্য ১,৭১,০০০/- টাকায় ঘর নির্মাণ করা সম্ভব নয়।	বাসভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের মাস্টার প্ল্যানের নির্ধারিত স্থানে মৃত্তিকা পরীক্ষা করে তার রিপোর্ট এলজিইডি হেডকোয়ার্টারে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। গ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ঘ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ এলজিইডি কর্তৃক গৃহীত মাই ভিলেজ-মাই টাউন শীর্ষক প্রকল্পের তথ্যাদি জরুরি ভিত্তিতে উপজেলা প্রকৌশলী বরাবর প্রেরণ নিশ্চিত করবেন। ঙ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ০২টি ঘর নির্মাণ সম্পন্ন করতে বাস্তবতার নিরিখে উপজেলা প্রকৌশলী পুনরায় প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবেন।	প্রকৌশলী, বাজিতপুর। ৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, বাজিতপুর।
০৬	বাজিতপুর থানা	অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা সভায় জানান যে, বাজিতপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সরকার কর্তৃক জারীকৃত বিধি-নিষেধ কার্যকরে পুলিশ বাহিনী নিয়মিত কাজ করে যাচ্ছে। তিনি সকলকে সরকারি বিধি-নিষেধ মেনে চলার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন যে, এ উপজেলাধীন বিভিন্ন বাজারে মাঝে মাঝেই দোকানপাট খোলার খবর পাওয়া যায়। তাই তিনি এ বিষয়ে বাজার কমিটির সদস্যগণ, ইজারাদার ও জনপ্রতিনিধিগণকে কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া কোন এলাকায় করোনা পরিস্থিতির মধ্যে খেলাধুলার আয়োজন করলে সাথে সাথে পুলিশকে অবহিত করার জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান।	ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সরকার কর্তৃক জারীকৃত বিধি-নিষেধ কার্যকরে পুলিশ বাহিনীকে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। খ) বাজারের সকল দোকানপাট বন্ধ রাখতে বাজার কমিটির সদস্যগণ, ইজারাদার ও জনপ্রতিনিধিগণকে কার্যকর ভূমি রাখতে হবে। গ) কোন স্থানে খেলাধুলার আয়োজন করলে সাথে সাথে পুলিশকে অবহিত করতে হবে।	১। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা। ২। সকল জনপ্রতিনিধি, বাজিতপুর। ৩। বাজার কমিটি, সকল বাজার, বাজিতপুর। ৪। ইজারাদার, সকল বাজার, বাজিতপুর।
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চলতি জুন মাসের ২৪ তারিখ পর্যন্ত ২১৭টি ক্লাস হয়েছে। উক্ত ক্লাসসমূহের মধ্যে ১৪৩টি ক্লাস ড্যাসবোর্ডে এন্ট্রি হয়েছে। অবশিষ্ট ক্লাসসমূহ ইন্টারনেট দুর্বলতার কারণে এন্ট্রি হয়নি। এছাড়াও তিনি জানান যে, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ৮ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট কার্যক্রম চলছে। ২০২২ সালের এসএসসি পরীক্ষার্থীদের সংক্ষিপ্ত সিলেবাসের উপর ভিত্তি করে ২য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে। আগামী মাসের ১ম সপ্তাহে ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট পাওয়া যাবে। তাছাড়াও তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলেও তিনি জানান।	কোভিড-১৯ পরিস্থিতিতে অনলাইন ক্লাস কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ ৬ষ্ঠ থেকে ৯ম এবং ২০২২ সালের এসএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট কার্যক্রম সরকারি নির্দেশনা অনুসারে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। ছাত্রছাত্রীরা যেন অপ্রয়োজনে ঘর থেকে বাইরে না যায়, সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর।
০৮	উপজেলা শিক্ষা অফিস	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, স্বাস্থ্যবিধি মেনে অনলাইন ও গুগল মীটের মাধ্যমে শ্রেণি পাঠদান চলছে। তাছাড়াও মোবাইল ফোনের মাধ্যমে শিক্ষার্থীদের লেখাপড়ার খোঁজ খবর নেওয়া হচ্ছে। প্রধান শিক্ষক সপ্তাহে ১ দিন বিদ্যালয়ে গিয়ে দপ্তরীর মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্নতা ও আসবাবপত্রের তদারকি করছেন।	করোনাকালীন বিদ্যালয় বন্ধ থাকায় সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর
০৯	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বিভিন্ন ভাতাভোগীর (বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি ভাতা জিটুপি এর মাধ্যমে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।	সকল ভাতা বিতরণ কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার, বাজিতপুর।

CamScanner

১০	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, এ উপজেলাধীন বিভিন্ন ইউনিয়ন আসন্ন বন্যা মৌসুমে বিশুদ্ধ খাবার পানির সংকট মোকাবেলায় তার কার্যালয়ে পর্যাপ্ত পরিমাণ পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদ রেখেছেন। ইউনিয়ন হতে চাহিদা পাওয়া মাত্রই পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট পৌছে দেওয়া হবে।	ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত চাহিদা অনুযায়ী পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট সেখানে পৌছে দিতে হবে।	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর।
১১	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ঋণ বিতরণ ও আদায়সহ সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার দাপ্তরিক কাজকর্মে সকলের সহযোগিতা কামনা করেন।	ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।
১২	উপজেলা আনসার ও ভিডিপি অফিস	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে আগামী ০৭ আগস্ট হতে প্রতিটি ইউনিয়নে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের সময় আইন শৃঙ্খলা রক্ষার্থে ইউনিয়ন প্রতি ৪ জন করে আনসার ও ভিডিপি সদস্য নিয়োগ প্রদান করা হবে।	প্রতিটি ইউনিয়নে ভ্যাকসিন প্রদান কার্যক্রমে আনসার ও ভিডিপি সদস্যগণ দায়িত্ব পালন করবেন। তাছাড়াও মোবাইল কোর্ট পরিচালনার সময়ও আনসার সদস্যগণ দায়িত্ব পালন করবেন।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাজিতপুর।
১৩	উপজেলা খাদ্য বিভাগ	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরারচর খাদ্য গুদাম সভায় জানান যে, খাদ্য সংগ্রহ কার্যক্রমের আওতায় এ পর্যন্ত এ উপজেলায় ৭৮২.৩২০ মে. টন ধান এবং ১৫৯৯.৮৪০ মে. টন চাল সংগ্রহ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী খাদ্য সংগ্রহ কার্যক্রম অব্যাহত থাকবে।	সরকারিভাবে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী খাদ্য সংগ্রহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর।
১৪	আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর সভায় জানান যে, করোনা সংক্রমণ পরিস্থিতিতে সীমিত আকারে অফিস কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে সদস্যদের সেবা প্রদানের চেষ্টা অব্যাহত রাখা এবং তাদের সচেতন করার প্রচেষ্টা চলছে। তাছাড়াও ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখাসহ খেলাপী ঋণের হার ৫৫% এ নামিয়ে আনার জন্য কার্যক্রম চলমান রয়েছে।	সরকারি নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে। তাছাড়া খেলাপী ঋণের হার কমাতে হবে।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর
১৫	সরারচর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, সরারচর ইউপি সভায় বলেন যে, কোভিড-১৯ এ লকডাউন বাস্তবায়ন কঠিন হয়ে পড়ছে। সরারচর বাজারে কয়েকটি কাপড়ের দোকান খোলা রাখে। পুলিশ, আনসার ও জনপ্রতিনিধিদের সমন্বয়ে লকডাউন বাস্তবায়ন করলে সফলতা আসতে পারে বলে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন।	করোনা পরিস্থিতি মোকাবেলায় সরকারি বিধি নিষেধ যথাযথভাবে বাস্তবায়নের সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল জনপ্রতিনিধি, বাজিতপুর।
১৬	পিরিজপুর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, পিরিজপুর ইউপি সভায় বলেন যে, করোনা প্রতিরোধে গঠিত ওয়ার্ড কমিটিসমূহ অকার্যকর অবস্থায় রয়েছে। কমিটিগুলোকে কার্যকর করতে হবে। তিনি আরো বলেন, প্রতিটি এলাকায় ২ জন পুলিশ, ২ জন আনসার সদস্য, ২ জন গ্রাম পুলিশ, জনপ্রতিনিধিগণসহ ওয়ার্ড কমিটির মাধ্যমে সচেতনতামূলক মাইকিং করলে করোনা সংক্রমণ কমে আসতে পারে।	পুলিশ, আনসার, গ্রামপুলিশ, জনপ্রতিনিধি ও ওয়ার্ড কমিটির সমন্বয়ে করোনা পরিস্থিতি মোকাবেলায় সরকার কর্তৃক জারিকৃত বিধি-নিষেধ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ২। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর। ৪। করোনা প্রতিরোধে গঠিত ওয়ার্ড কমিটি।
১৭	গাজিরচর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, গাজিরচর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, করোনা পরিস্থিতির মধ্যেই তার ইউনিয়নে খেলাধুলার আয়োজন করা হচ্ছে। এইসব খেলাধুলায় প্রচুর মানুষের সমাগম ঘটে। তিনি বর্তমান পরিস্থিতিতে খেলাধুলা বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবি জানান।	করোনা সংক্রমণকালে খেলাধুলা বন্ধ রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা। ২। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর।
১৮	মাইজচর ইউনিয়ন পরিষদ	প্যানেল চেয়ারম্যান-১ মাইজচর ইউনিয়ন পরিষদ, সভায় জাননা যে, তার ইউনিয়নে একটি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। কিন্তু কোন ডাক্তার বা স্বাস্থ্যকর্মী সেখানে স্বাস্থ্যসেবা প্রদান করছে না। ফলে তার ইউনিয়নের জনগণ স্বাস্থ্যসেবা পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। তিনি জরুরি ভিত্তিতে তার ইউনিয়নের স্বাস্থ্যকেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত ডাক্তার এবং স্বাস্থ্যকর্মীকে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ জানান।	মাইজচর ইউনিয়নের স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার ও স্বাস্থ্যকর্মী প্রেরণের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করবেন।	১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাজিতপুর। ২। প্যানেল চেয়ারম্যান-১, মাইজচর ইউপি।
১৯	হুমাইপুর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, হুমাইপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, গ্রামের অধিকাংশ লোকজন কোভিড-১৯ বিশ্বাস করে না। তারা এটা নিয়ে ঠাট্টা বিদ্রুপ করে। তিনি আরো বলেন যে, তার ইউনিয়নের প্রাইমারী স্কুল মাঠে সরকারি হাসপাতালের প্রায় ১৩০ ফুট দেয়াল ধসে গেছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের দাবি জানান।	সরকারি হাসপাতালে দেয়াল ধস সংক্রান্ত বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ১২.০৮.২০২১ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণ	১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাজিতপুর। ২। চেয়ারম্যান, হুমাইপুর ইউপি।

CamScanner

			করবেন।	
২০	বলিয়ারদী ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, বলিয়ারদী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের বিভিন্ন জায়গায় প্রতিদিনই খেলাধুলার আয়োজন করা হচ্ছে। তিনি করোনা পরিস্থিতিতে খেলাধুলা বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	করোনা পরিস্থিতিতে সকল প্রকার খেলাধুলা বন্ধ রাখতে হবে।	১। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা। ২। চেয়ারম্যান, বলিয়ারদী ইউপি।
২১	দিঘীরপাড় ইউনিয়ন পরিষদ	প্যানেল চেয়ারম্যান-১, দিঘীরপাড় ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের পাটুলী ঘাটে প্রতিদিন বিপুল পরিমাণ মানুষের সমাগম ঘটছে। জনসমাগম বন্ধ রাখতে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ সম্ভব হচ্ছে না। তাই তিনি পাটুলী ঘাটের জনসমাগম বন্ধ রাখতে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।	পাটুলী ঘাটের জনসমাগম বন্ধ রাখতে নিয়মিত পুলিশ টহল পরিচালনা করতে হবে। এ কাজে গ্রাম পুলিশদেরকেও কাজে লাগাতে হবে।	১। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা। ২। প্যানেল চেয়ারম্যান-১, দিঘীরপাড় ইউপি।
২২	প্যানেল চেয়ারম্যান-১ উপজেলা পরিষদ	প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ সভায় বলেন যে, করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনাকালে পুলিশ ও আনসার সদস্যগণকে আরো দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। মোবাইল কোর্ট পরিচালনকালে লোকজন যেন ভিড় করতে না পারে, সে দিকে নজর রাখতে হবে।	করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনাকালে পুলিশ ও আনসার সদস্যগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে।	১। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা। ২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাজিতপুর।
২৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গাজিরচর ইউনিয়নে মুজিববর্ষ উপলক্ষে নির্মিত গৃহসমূহে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। কিন্তু গৃহসমূহে বসবাসকারী উপকারভোগীগণ উক্ত গৃহসমূহের বিদ্যুৎ বিল বেশি আসে মর্মে অভিযোগ করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, কুলিয়ারচর জোনাল অফিস-কে অনুরোধ জানান। তিনি আরো ।	গাজিরচর ইউনিয়নে মুজিববর্ষের গৃহসমসুহে বিদ্যুৎ বিল বেশি আশার অভিযোগের বিষয়ে ডেপুটি জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, কুলিয়ারচর শাখা ব্যবস্থা গ্রহণ করবেন।	১। ডেপুটি জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, কুলিয়ারচর জোনাল অফিস।
২৪	বিবিধ	উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরারচর ইউনিয়ন ভূমি অফিসের নতুন ভবনের নির্মাণকাজ দীর্ঘদিন যাবত স্থবির অবস্থায় রয়েছে। তিনি উক্ত ভূমি অফিসের নির্মাণকাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান	সরারচর ইউনিয়ন ভূমি অফিসের নতুন ভবনের নির্মাণ কাজ দ্রুত সম্পন্নকরণের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।

পরিশেষে জনাব গোলনাহার, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, বাজিতপুর বলেন যে, দিলালপুর ইউনিয়ন পরিষদের সচিব জনাব মোঃ সামছুল ইসলাম (৪৫) গত ১৮.০৭.২০২১ তারিখে ইউনিয়ন পরিষদে দায়িত্বরত অবস্থায় অসুস্থ হয়ে ভাগলপুর জহুরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজউন)। ইউপি সচিবের মৃত্যুতে তিনি শোক প্রস্তাব উত্থাপন করেন। অতঃপর তিনি বলেন, ২০২০-২০২১ অর্থ বছর সম্পন্ন হতে চলেছে। ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ উন্নয়ন তহবিলে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। এছাড়াও তিনি বলেন যে, করোনা সংক্রমণের হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই বর্তমানে সরকারি নির্দেশনা অনুযায়ী সামাজিক অনুষ্ঠানাদি (বিয়ে, খৎনা), গণজমায়েত, খেলাধুলাসহ সকল প্রকার অনুষ্ঠান আয়োজন না করার জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গোলনাহার
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

CamScanner

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৫- ৫০৫ (৭৫) তারিখ : ২৮.০৭.২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:-

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৫. উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।

০৬. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।

০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।

০৮. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।

০৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।

১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।

১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর।

১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।

১৩. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর।

১৪. অফিস কপি।

২৮.০৭.২১

উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ